



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট
তারিখঃ ০৫/০৩/২০২৩

সূত্রঃ- পিডি/ডিজিএম/নন-ক্রারিক্যাল কর্মচারী/জুতা/২৩

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা/
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ/
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী
বাংলাদেশ।

বিষয় : ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের জুতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের ১(এক)জোড়া চামড়ার এবং ১(এক)জোড়া রাবারের জুতার মূল্য নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ করা যাবে।

ক্রমিক নং	জুতার বর্ণনা	প্রতি জোড়া জুতার মূল্য
১।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) চামড়ার জুতা	১,২৯০/- টাকা
২।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) রাবারের জুতা	১৯০/- টাকা
	মোটঃ	১,৪৮০/- টাকা

কথায়ঃ (এক হাজার চারশত আশি) টাকা মাত্র।

নিয়মাবলী/শর্তাবলী :

- উল্লিখিত বর্ণনার জুতা নির্ধারিত মূল্যে স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীগণ যে কোন বাটা সু কোম্পানী/বাটা বাজার হতে ক্রয়ের পর স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় জুতার মেমো/রশিদ জমা দান সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।
- মহিলা স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের ক্ষেত্রে উক্ত নির্ধারিত মূল্য ও নিয়মাবলী সমভাবে প্রযোজ্য হবে, তবে তাদেরকে উক্ত জুতার পরিবর্তে বাটা সু কোম্পানীর যে কোন ধরনের ২(দুই)জোড়া স্যাভেল ক্রয় করতে হবে।
- স্থায়ী নন-ক্রারিক্যাল সকল কর্মচারীগণ প্রতি বৎসর উক্ত সুবিধা পেয়ে থাকে। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখঃ ১০/০১/১৯৮৭ এর আলোকে স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীর চাকুরীর সময়সীমা ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবে।
- সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে জুতা পাওয়ারযোগ্য হবেন না। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুনর্বহাল হয়ে চাকুরীতে নিয়মিত হলে তারা উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে জুতার মূল্য কোনভাবেই এরিয়ার হিসেবে প্রদান করা যাবে না।
- পিআরএল ভোগরত স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীগণ জুতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না।
- উল্লিখ্য কর্মচারী কর্তৃক জুতা ক্রয় করায় সরকারী বিধিমালা অনুযায়ী জুতার মূল্য প্রদানকালে প্রত্যেকের নিকট হতে ৭.৫% হারে অর্থাৎ **১০৩/- (একশত তিন) টাকা** ভ্যাট কর্তনপূর্বক কর্তনকৃত ভ্যাট একীভূত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যু করে আগামী ১(এক) মাসের মধ্যে প্রধান কার্যালয়ের “এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট” বরাবরে পত্রের মাধ্যমে প্রেরন করতে হবে।
- কর্মচারীগণ যাতে জুতা/স্যাভেল পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।


(আঃ রাজ্জাক খুন্দা)
সহকারী মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত,


(মোঃ শাখাওয়াত হোসেন)
উপ-মহাব্যবস্থাপক